



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-২). ৩৪৮৪

তারিখ: ১১/১১/২০২৩ খ্রি.

বিষয়: সারাদেশের সরকারি ও বেসরকারি (মহানগরী ও জেলার সদর উপজেলা পর্যায়) মাধ্যমিক বিদ্যালয়ে ২০২৪ শিক্ষাবর্ষে ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত ডিজিটাল লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া অনুষ্ঠান আয়োজন সংক্রান্ত।

সূত্র: ১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০২১.১৬(অংশ-১).২৪২; তারিখ: ০৫ নভেম্বর ২০২৩

২। মাউশি'র স্মারক নং -৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-১).৩২৩৩; তারিখ: ১৭/১০/২০২৩ খ্রি.

৩। মাউশি'র স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-২).৩২৩৪; তারিখ: ১৭/১০/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪ শিক্ষাবর্ষে সরকারি (সকল) ও বেসরকারি (মহানগরী ও জেলার সদর উপজেলা পর্যায়) মাধ্যমিক বিদ্যালয়ে ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া ডিজিটাল লটারির মাধ্যমে অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

উক্ত সিদ্ধান্তের আলোকে কেন্দ্রীয় ডিজিটাল লটারি প্রক্রিয়ার সাথে অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানসমূহের ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে সরকারি (সকল) ও বেসরকারি (মহানগরী ও জেলার সদর উপজেলা পর্যায়) মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী নির্বাচন আগামী ২৮/১১/২০২৩ খ্রি. মঙ্গলবার সকাল ১১:০০ টায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ১/ক সেগুনবাগিচা, ঢাকা-১০০০ এ অনুষ্ঠিত হবে। শিক্ষার্থী নির্বাচনের ডিজিটাল লটারির এ অনুষ্ঠান মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর ফেসবুক পেইজ (<http://www.facebook.com/dshe.moebd>) এবং বিভিন্ন টেলিভিশন চ্যানেল সরাসরি সম্প্রচার করবে। উল্লেখ্য, উক্ত ডিজিটাল লটারি অনুষ্ঠানে ডা. দীপু মনি, এম.পি. মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জনাব মহিবুল হাসান চৌধুরী, এম.পি. মাননীয় উপমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় এবং জনাব সোলেমান খান, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন অধ্যাপক নেহাল আহমেদ, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।

এমতাবস্থায়, ২০২৪ শিক্ষাবর্ষে সারাদেশের সরকারি (সকল) ও বেসরকারি (মহানগরী ও জেলার সদর উপজেলা পর্যায়) মাধ্যমিক বিদ্যালয়ে ডিজিটাল লটারির এ অনুষ্ঠানে সকলকে সংযুক্ত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

স্বাক্ষরিত/-

অধ্যাপক নেহাল আহমেদ
মহাপরিচালক

বিতরণ:

১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক

সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ (কেন্দ্রীয় ডিজিটাল লটারির অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানসমূহ)

২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ (কেন্দ্রীয় ডিজিটাল লটারির অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানসমূহ)

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (মাধ্যমিক ১ ও ২)]

২। জেলা প্রশাসক (সকল);

৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল);

৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল);

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;

[পত্রটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

৬। জেলা শিক্ষা অফিসার (সকল);


৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল);

৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);

৯। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]

১০। পিএ টু পরিচালক(মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]

১১। সংরক্ষণ নথি


২০.১১.২০২৩
(মোহাম্মদ আজিজ উদ্দিন)
উপপরিচালক (মাধ্যমিক)

ও

সদস্য সচিব

ঢাকা মহানগরী ভর্তি কমিটি

০২-৪১০৫০২৮৩

dd-sec@dshe.gov.bd

